প্রথম আলো

তারিখ ..20 MAR 2015...
পৃষ্ঠা ...৩... কলাম...৫......

# রাঙামাটি মেডিকেল কলেজের ক্লাস স্থগিতের দাবি

রাঙামাটি অফিস ●

রাঙামাটি মেডিকেল কলেজে ক্লাস স্থগিত রাখার দাবি জানিয়েছেন রাঙামাটি থেকে নির্বাচিত সাংসদ উষাতন তালুকদার। পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতিও এ দাবি জানিয়েছে। ক্লাস স্থগিত রাখার দাবিতে গতকাল বৃহস্পতিবার রাঙামাটি শহরে বিক্ষোভ করেছে সন্তু লারমা-সমর্থিত পাহাড়ি ছাত্র পরিষদ।

গত বুধবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বুধবার এক বৈঠকে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম দ্রুত রাঙামাটি মেডিকেল কলেজে ক্লাস শুরুর নির্দেশ দেন। বৈঠকে অন্যদের মধ্যে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ও জনসংহতি সমিতির নেতা উপস্থিত ছিলেন। তবে জনসংহতি সমিতির দাবি, বিবৃতির এ তথ্য সঠিক নয়।

গতকাল উষাতন তালুকদার স্বাক্ষরিত বিবৃতিতে মেডিকেল কলেজের ক্লাস স্থগিত রাখার দাবি জানানো হয়। তিনি বলেন, 'মেডিকেল কলেজ স্থাপনের বিষয়ে বিভিন্ন স্তরের জনগণের সঙ্গে আলোচনার প্রয়োজন রয়েছে, যা সময় সাপেক্ষ বিষয় বলে গত ১৭ ও ২৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত সভায় আমি উল্লেখ করেছিলাম। তাই মেডিকেল কলেজ স্থাপনের বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নেওয়া সম্ভব নয়।'